

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮১৬

১৫/ হজ্জ (حتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৫০. বাতনে ওয়াদী থেকে জামরাতুল আকাবাতে কঙ্কর নিক্ষেপ কালে মক্কাকে বাম দিকে রাখা এবং প্রত্যেকবার কঙ্কর নিক্ষেপ করার সময় তাকবীর বলা।

رمى جمرة العقبة من بطن الوادي وتكون مكة عن يساره ويكبر مع كل حصاة

## আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ عَنْ عَبْدِ الرَّحْمنِ بْنِ يَزِيدَ، قَالَ: رَمَى عَبْدُ اللهِ مِنْ بَطْنِ الْوَادِي، فَقُلْتُ: يَا أَبَا عَبْدِ الرَّحْمنِ إِنَّ نَاسًا يَرْمُونَهَا مِنْ فَوْقِهَا فَقَالَ: وَالَّذِي لاَ إِلهَ غَيْرُهُ، هذَا مَقَامُ الَّذِي أَنْزِلَتْ عَلَيْهِ سُورَةُ الْبَقَرَةِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## বাংলা

৮১৬. আবদুর রহমান ইবনু ইয়াযীদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ (রাঃ) বাতন ওয়াদী হতে কঙ্কর মারেন। তখন আমি তাকে বললাম, হে আবু আবদুর রহমান! লোকরা তো এর উচ্চস্থান হতে কঙ্কর মারে। তিনি বললেন, সে সন্তার কসম! যিনি ব্যতীত কোন ইলাহ নেই, এটা সে স্থান, যেখানে সূরাহ আল-বাকারাহ নাযিল হয়েছে।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫: হাজ্জ, অধ্যায় ১৩৫, হাঃ ১৭৪৭; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৫০, হাঃ ১২৯৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন